

## চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ১৬ তারিখ: ১৮ জুলাই ২০১৭ মঙ্গলবার

### সর্বশেষ পরিস্থিতি

এ বছরে (৯ এপ্রিল হতে ১৮ জুলাই) চিকুনগুনিয়া সনাক্তের জন্য আইইডিসিআর এ প্রাপ্ত রক্তের নমুনা পরীক্ষায় নিশ্চিত চিকুনগুনিয়ায় আক্রান্তের সংখ্যা ৭৩৭ জন।

আইইডিসিআর-এ দেশের বিভিন্ন জেলার সিভিল সার্জন ও মেডিকেল কলেজ হাসপাতাল হতে প্রাপ্ত সম্ভাব্য রোগীর সংখ্যা প্রেরণ করা হয়। সম্ভাব্য রোগীর সংজ্ঞাঃ যদি কোন ব্যক্তি জ্বর এবং গিরায়ে ব্যাথা বা প্রদাহ নিয়ে চিকিৎসকের নিকট আসেন তবে তিনি সম্ভাব্য রোগী হিসাবে বিবেচিত হয়েছেন। এ সব তথ্য পাবার পরে আইইডিসিআর নিয়ন্ত্রণ কক্ষ থেকে যাচাই-বাছাই করে রোগীর সংখ্যা চূড়ান্ত করা হয়েছে।

জেলার নাম	বিভিন্ন জেলা হতে প্রাপ্ত সম্ভাব্য রোগীর সংখ্যা (১৭/০৭/২০১৭ পর্যন্ত)	যাচাই-বাছাই শেষে রোগীর সংখ্যা
দিনাজপুর	১	০
বগুড়া	৮	৪
জয়পুরহাট	১	০
বরিশাল	২	০
গোপালগঞ্জ	৯	১
ঢাকা জেলা *	১৮	৫
নরসিংদী	১৪	৯
নারায়নগঞ্জ	৩	০
গাজীপুর	৪	২
নেত্রকোনা	২	০
হবিগঞ্জ	৩	০
লক্ষ্মীপুর	৩	০
চট্টগ্রাম	৭	০
সর্বমোট	৭৫	২১**

\*সিটি কর্পোরেশন ব্যতীত

\*\* এদের ঢাকা মহানগরে ভ্রমণের ইতিহাস আছে ও এরা পোস্টচিকুনগুনিয়া আর্থ্রাইটিস এ আক্রান্ত।

### আইইডিসিআর-এ ঝুঁকি বিষয়ে গণসংযোগ পরামর্শ সভা

আগামীকাল ১৯ জুলাই স্বাস্থ্য অধিদপ্তরের উর্ধতন কর্মকর্তাদের নিয়ে বিশ্বস্বাস্থ্য সংস্থা দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের বিশেষজ্ঞের ঝুঁকি বিষয়ে গণসংযোগ (Risk Communication) পরামর্শ সভা আইইডিসিআর-এ অনুষ্ঠিত হবে।

### বিএমএ'র সেমিনার

আজ ১৮ জুলাই বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ) দুপুর ১২টায় বিএমএ ভবনে শহীদ ডা. শামসুল আলম খান মিলন সভাকক্ষে চিকুনগুনিয়া ও আর্থ্রাইটিস বিষয়ে সেমিনার আয়োজন করে। সভাপতিত্ব করেন বিএমএ সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন। প্রধান অতিথির আসন গ্রহণ করেন মাননীয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী জনাব জাহেদ মালেক। সবাইকে স্বাগত জানান বিএমএ মহাসচিব ডা. এহতেশামুল হক চৌধুরী। সেমিনার পরিচালনা করেন বিএমএ'র বিজ্ঞান বিষয়ক সম্পাদক ডা. শাহরিয়ার নবী শাকিল। প্রবন্ধ উপস্থাপন করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ)-এর প্রো-উপাচার্য প্রফেসর শারফুদ্দিন আহমেদ, বিএসএমএমইউ মেডিসিন বিভাগের সহযোগী অধ্যাপক ডা. তানভির ইসলাম ও বিএসএমএমইউ রিউমাটোলজি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. আবু শাহিন। প্যানেল আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিএসএমএমইউ মেডিসিন বিভাগের ডীন প্রফেসর এ বি এম আবদুল্লাহ, বিএসএমএমইউ রিউমাটোলজি বিভাগের প্রফেসর সৈয়দ আতিকুল হক, স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ শাখার পরিচালক প্রফেসর সানিয়া তহমিনা, আইইডিসিআর-এর উপদেষ্টা ডা. মুশতাক হোসেন।



স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিস্ময়জনিত জানতে এই ওয়েবসাইট ভিজিট করুন- [www.iedcr.gov.bd](http://www.iedcr.gov.bd) অথবা হটলাইনঃ ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১ ফোন করুন